

আলোকিত বাংলাদেশ

বেলিডের প্রশিক্ষণ কোর্সের সার্টিফিকেট বিতরণ

নগর মহানগর

আপডেট: ১২:০০:০০ AM, মঙ্গলবার, অক্টোবর ১১, ২০১৬

গ্রন্থাগারিকদের জন্য সরকারি ও বেসরকারি উদ্যোগে আধুনিক তথ্যপ্রযুক্তিনির্ভর গ্রন্থাগার গঠন এবং গ্রন্থাগার অটোমেশন ও ডিজিটালাইজেশন প্রশিক্ষণের জন্য পৃথক ইনস্টিটিউট প্রয়োজন। এসবের অভাবে দেশের তথ্যসম্পদ যথাযথভাবে সংরক্ষিত হচ্ছে না এবং পাঠকসেবাও মানসম্মত নয়। ৬ অক্টোবর থেকে তিন দিনব্যাপী ওপেন সোর্স গ্রন্থাগার অটোমেশন সফটওয়্যার 'ইনটিগ্রেটেড লাইব্রেরি সিস্টেম-কোহা'র প্রশিক্ষণ কোর্সের সমাপনী ও সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে বক্তারা এসব কথা বলেন। বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতির (বেলিড) উদ্যোগে ইউনিভার্সিটি অব লিবারেল আর্টসের (ইউল্যাভ) কম্পিউটার ল্যাবে আয়োজিত এ অনুষ্ঠানে সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান থেকে ৩৫ প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। প্রশিক্ষক ছিলেন সাউথইস্ট ইউনিভার্সিটির সহকারী গ্রন্থাগারিক কাজী ফরহাদ নোমান ও বাংলাদেশ ব্যাংক লাইব্রেরির সহকারী পরিচালক এ কে এম নুরুল আলম অপু। বেলিডের চেয়ারম্যান ড. মোঃ মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন ইউল্যাভের ভিসি ইমরান রহমান। বিশেষ অতিথি ছিলেন বুয়েটের তড়িৎ ও ইলেকট্রনিক্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ কায়কোবাদ, মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাস্টি মফিজুল হক এবং প্রশিক্ষণ কো-অর্ডিনেটর ড. মির্জা মোহাঃ রেজাউল ইসলাম। সংবাদ বিজ্ঞপ্তি

Source: <http://www.alokitobangladesh.com/todays/details/196160/2016/10/11>

বাংলা ট্রিবিউন

ইউল্যাবে লাইব্রেরি ম্যানেজমেন্ট সফটওয়্যারের কর্মশালা

সাদিফ অভি১৮:৩৬, অক্টোবর ১৬, ২০১৬



বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড) এর সহযোগিতায় বেসরকারি বিশ্ববিদ্যালয় ইউনিভার্সিটি অফ লিবারেল আর্টস বাংলাদেশ (ইউল্যাব) -এ অনুষ্ঠিত হলো লাইব্রেরি ম্যানেজমেন্ট সফটওয়্যার 'কোহা' এর ওপর ৩ দিনব্যাপী কর্মশালা। এতে বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে মোট ৩৫ জন অংশগ্রহণ করেন।

কর্মশালা শেষে অংশগ্রহণকারীদের মধ্যে সার্টিফিকেট প্রদান করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউল্যাবের ভারপ্রাপ্ত উপাচার্য প্রফেসর ইমরান রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুক্তিযুদ্ধ জাদুঘরের বোর্ড অব ট্রাস্টিজের সদস্য মফিজুল হক, বাংলাদেশ প্রকৌশলী বিশ্ববিদ্যালয় (বুয়েট) এর ইলেকট্রনিক এবং ইলেক্ট্রিক্যাল বিভাগের ডিন প্রফেসর মোঃ কায়কোবাদ।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বেলিডের চেয়ারম্যান ড. মোস্তাফিজুর রহমান, ইউল্যাবের রেজিস্ট্রার প্রফেসর আকতার আহমেদ, ইউল্যাবের জয়েন্ট লাইব্রেরিয়ান হাসান ইমাম। সার্টিফিকেট বিতরণ শেষে ইউল্যাব লাইব্রেরি অ্যাফেয়ারসের কো-অরডিনেটর ড. সুমন রহমানের ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

Source: <http://www.banglatribune.com/my-campus/news/148917/>

Workshop on integrated library management system held at ULAB

12 October, 2016 00:00 00 AM

Campus corner

ULAB Library organised a three-day training workshop on 'Integrated Library Management System-KOHA' recently with Association of Librarians, Information Scientists and Documentalists (BALID) at ULAB Campus B, Dhanmondi, Dhaka. Total 35 participants attended at the workshop from different institutions.

ULAB Vice Chancellor (Acting) Professor Imran Rahman delivered his speech as chief guest at the certificate awarding ceremony.

Among others, Mofidul Hoque, Member, BoT, Liberation War Museum, Segunbagicha, Dhaka, Professor Md Kaykobad, Dean, EEE, Bangladesh University of Engineering & Technology (BUET) delivered their speech as Special Guest. Dr Mirza Mohd Resaul Islam, Librarian, IUT & Training Coordinator, BALID & BIIM and Dr. Md. Mostafizur Rahman, Chairman, BALID & BIIM also spoke in the occasion.

Professor Akhtar Ahmed, Registrar, ULAB, Joint Librarian of ULAB KM Hasan Emam and other Admin Officers were present at occasion.

Programme ended with vote of thanks by Dr Sumon Rahman, Coordinator, Library Affairs and Associate Professor, MSJ, ULAB.

Source: <http://www.theindependentbd.com/printversion/details/63629>

Workshop on integrated library management system held at ULAB



Participants of a training workshop and guests pose for photograph at a certificate awarding ceremony on ULAB campus B, Dhanmondi, Dhaka recently. PHOTO: COURTESY

ULAB Library organised a three-day training workshop on 'Integrated Library Management System-KOHA' recently with Association of Librarians, Information Scientists and Documentalists (BALID) at ULAB Campus B, Dhanmondi, Dhaka. Total 35 participants attended at the workshop from different institutions.

ULAB Vice Chancellor (Acting) Professor Imran Rahman delivered his speech as chief guest at the certificate awarding ceremony.

Among others, Mofidul Hoque, Member, BoT, Liberation War Museum, Segunbagicha, Dhaka, Professor Md Kaykobad, Dean, EEE, Bangladesh University of Engineering & Technology (BUET) delivered their speech as Special Guest. Dr Mirza Mohd Resaul Islam, Librarian, IUT & Training Coordinator, BALID & BIIM and Dr. Md. Mostafizur Rahman, Chairman, BALID & BIIM also spoke in the occasion.

Professor Akhtar Ahmed, Registrar, ULAB, Joint Librarian of ULAB KM Hasan Emam and other Admin Officers were present at occasion.

Programme ended with vote of thanks by Dr Sumon Rahman, Coordinator, Library Affairs and Associate Professor, MSJ, ULAB.

INDEPENDENT/AGENCY

Source:

http://www.eindependentbd.com/assets/contents/2016/2016-10-12/content_zoom/news_2016-10-12_4_18_b.jpg